গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০৪২.০১৪.১১.০২.০৭৬.১৩.**১৮০৭**

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

**বিষয় : মাদারীপুর জেলা পরিষদ কর্তৃক কর্মকর্তা-কর্মচারীদের জন্য ডরমেটরি-কাম-স্টাফ কোয়াটার ভবন নির্মাণের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ।**

সূত্র : ১। জেলা পরিষদ, মাদারীপুর এর স্মারক জেপমা-উন্নয়ন-১২/২০২২/১৭৯, তারিখ: ২৪ মে ২০২২।
২। এলজিইডি এর স্মারক ৪৬.০২.০০০০.৩০১.৯৯.০৩২.১৯.১০৩১, তারিখ: ২৩ আগষ্ট ২০২২।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ডরমেটরি-কাম-স্টাফ কোয়াটার ভবন নির্মাণের প্রস্তাব সূত্রস্থ ১নং স্মারকে প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে উক্ত ভবনের ডিজাইন ও প্রাক্কলন যাচাই এর জন্য এলজিইডিকে অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)।

২। এলজিইডি কর্তৃক সূত্রস্থ ২নং স্মারকে বর্ণিত প্রকল্পটি ২,০৭,৬৪,৯৪৫.০০ টাকা (দুই কোটি সাত লক্ষ চৌষট্টি হাজার নয়শত পঁয়তাল্লিশ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের সুপারিশ করা হয়। বর্তমানে প্রস্তাবটি বিবেচনার সুবিধার্থে উক্ত জেলা পরিষদের রাজস্ব ও এডিপি বরাদ্দ হতে কোয়াটার নির্মাণ কাজে অর্থের সংস্থান রয়েছে কিনা, এ সংক্রান্ত তথ্যাদি প্রয়োজন।

৩। এমতাবস্থায়, ভবনটি নির্মাণের লক্ষ্যে জেলা পরিষদের রাজস্ব /এডিপি বরাদ্দ হতে কি পরিমাণ অর্থের সংস্থান রয়েছে, এ সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রদানে জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১/১২/২০২২

এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মাদারীপুর

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।